মিরপুরে শ্রমিকদের সঙ্গে বিএনপির সংঘর্ষ, আহত ৫



ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুর-১৩ নম্বরে পোশাকশ্রমিকদের সঙ্গে স্থানীয় বিএনপির নেতাকর্মীদের সংঘর্ষ ও ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। এতে বিএনপির চার থেকে পাঁচজন নেতাকর্মী আহত হয়েছেন। তাঁদের মধ্যে দুজনের মাথায় আঘাত লেগেছে। এ ছাড়া ভবনের এক নিরাপত্তাকর্মী ও এক অফিস সহকারী আহত হয়েছেন।

বুধবার (১৮ নভেম্বর) সকাল ৯টার দিকে প্রিন্স বাজারের বিপরীতে লোড স্টার ফ্যাশন ও মিড এশিয়া ফ্যাশন কারখানার সামনে এ ঘটনা ঘটে। মজুরি বৃদ্ধির দাবিতে শ্রমিকেরা বিক্ষোভে নামলে পাশের জকি, ভিশন ও আইডিয়াস গার্মেন্টসের শ্রমিকদেরও কারখানা থেকে বের করে আনা হয়।

পুলিশ জানায়, দুই কারখানায় প্রায় পাঁচ হাজার শ্রমিক কাজ করেন। আন্দোলনের মধ্যে স্থানীয় বিএনপির কয়েকজন নেতাকর্মীর বিরুদ্ধে নারী শ্রমিকদের লাঞ্ছিত করার অভিযোগ ওঠে। এ নিয়ে বাগবিতণ্ডার একপর্যায়ে দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপ শুরু হয়। শ্রমিকেরা সড়ক অবরোধের চেষ্টা করলে তাঁদের বাধা দেওয়া হয়। এ সময় কয়েকজন শ্রমিককে লাঠি দিয়ে আঘাত করার অভিযোগও রয়েছে।

সংঘর্ষের সময় কাফরুলের ময়মনসিংহ সমিতি ভবনে সোশ্যাল ইসলামী ব্যাংকের জানালার কাচ ভাঙচুর করা হয়। ভবনের তৃতীয় তলায় থাকা ডিএনসিসি প্রশাসকের কার্যালয়ের ব্যানারও ছিঁড়ে ফেলা হয়। বাইরে থাকা সিসি ক্যামেরাও ভাঙচুরের শিকার হয়।

আহত বিএনপি নেতাকর্মীদের মিরপুর-১৪ এলাকার মার্কস মেডিকেলে নেওয়া হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ কয়েক দফায় প্রায় ১০টি সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে।

মিরপুর বিভাগের এডিসি জাহিদুল ইসলাম জানান, বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। তবে কারখানা এলাকায় উত্তেজনা বিরাজ করছে।